উপজেলা পরিষদ কার্যালয়
কমলনগর, লক্ষ্মীপুর।

সেপ্টেম্বর/২০২১ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী ঃ-

সভাপতি ঃ মেজবাহ্ উদ্দিন আহম্মদ বাপ্পী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।

সভার স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলনগর।

সভার তারিখ ও সময় ঃ ২০.০৯.২০২১ খ্রিঃ, সকাল ১০.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্য ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" ও "খ" তে দেখানো হ'লঃ

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরনীতে কোনরুপ সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরন করা হয়। অত:পর সভাপতি চলমান উন্নয়ন কাজের অগ্রগতি ক্রমান্বয়ে উপস্থাপনের জন্য উপস্থিত সকল বিভাগীয় প্রধানকে এবং সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, কমলনগর, লক্ষ্মীপুরকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার কার্যক্রম শুরু করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জনাব ডাঃ মোঃ আকিল আল ইসলাম সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ পর্যন্ত নমুনা সংগ্রহ ২৮৭১ টি, ফলাফল ২৮৭১ টি, পজিটিভ ৬১৩ টি, নেগিটিভ ২২৫৮ টি, ফলাফল পেন্ডিং ০ টি। পজিটিভ কেইস সর্বমোট ৬১৩ জন। সুস্থ্য ৫৯৭ জন (রেপারসহ), বর্তমানে চিকিৎসাধীন ১৫ জন (বাড়ীতে), মোট মৃত্যু ০১ জন (বাড়ীতে)। করোনার উপসর্গ নিয়ে মৃত্যুবরণ করেন ০৭ জন, সংগৃহীত নমুনার ফলাফল সবগুলো নেগিটিভ অর্থাৎ করোনা আক্রান্ত ছিলেন না। আগস্ট/২০২১ মাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সঃ নরমাল ডেলিভারী ৫৯ জন মা ও নবজাতক সুস্থ্য ও স্বাভাবিক রয়েছে। হাসপাতালে নরমাল ডেলিভারীর সকল সুযোগ সুবিধা রয়েছে। প্রাতিষ্ঠানিক ডেলিভারী নিশ্চিতকরণে সকলের সহযোগিতা কামনা করেন। হাসপাতালের সংস্কার, পরিষ্কার পরিচ্ছন্নতা এবং শোভাবৃদ্ধির কাজ চলমান রয়েছে। হাসপাতালে জীন এক্সপার্ট ও ডিজিটাল এক্সরে মেশিন চালু রয়েছে। ফ্লু কর্ণার (জ্বর, সর্দি, কাশি, শ্বাস কষ্ট) রোগীর সংখ্যাঃ ১২৫ জন, বহিঃ বিভাগঃ ৮৩২১ জন, জরুরী বিভাগঃ ৪৬৯ জন, ভর্তি রোগীঃ ৬০২ জন রোগীকে যথাযথভাবে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। হাসপাতালের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মাঠ পর্যায়ে ইপিআইসহ যাবতীয় কার্যক্রম সরকারী নিয়মানুযায়ী সামাজিক দুরত্ব বজায় রেখে সতর্কতার সহিত স্বাভাবিকভাবে চলছে। কমিউনিটি ক্লিনিক সমূহ সকাল ৯.০০ টা হইতে ৩.০০ টা পর্যন্ত খোলা রেখে কার্যক্রম চলমান রয়েছে। ভ্যাক্সিনেশন কার্যক্রম ১ম ও ২য় ডোজ চলমান রয়েছে। মোট ৪ টি বুথে কার্যক্রম চলছে। ১ম ডোজ-৪৯১১৯ জন, ২য় ডোজ-২৩৩৫৯ জনকে দেওয়া হয়েছে। | ১। স্বাস্থ্য বিভাগে রোগীদের চিকিৎসা সেবা যথাযথভাবে প্রদান করার জন্য অনুরোধ করা হয়।<br>২। করোনা ভাইরাস পরিস্থিতিতে উপজেলায় করোনা রোগীদের যথাযথ সেবা প্রদান নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।<br>৩। করোনা রোগীদের আইসোলেশন ব্যবস্থা ও হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।<br>৪। হাজির হাট ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের পরিত্যক্ত ভবনটি অপসারণের লক্ষ্যে একটি সভা করে তার কার্যবিবরণী জেলা প্রশাসক মহোদয়ের নিকট প্রেরণ করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কমলনগর ও সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জনাব মোঃ মিজানুর রহমান সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। পরিবার পরিকল্পনা বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি আগস্ট/২০২০খ্রিঃ মাসে স্থায়ী পদ্ধতি গ্রহিতাঃ পুরুষ বন্ধ্যাকরণ ০০ জন, মহিলা বন্ধ্যাকরণ ০৪ জন, দীর্ঘমেয়াদী পদ্ধতিঃ ইমপ্লান্ট ৯৩ জন, আইইউডি ৫৫ জন, অস্থায়ী পদ্ধতিঃ খাবার বড়ি বিতরণ ৬৫২৬ সাইকেল, কনডম বিতরণ ৬০৫২ পিস, ইনজেকটেবল- ৩৪৪৮ ভায়াল, মিসোপ্রোস্টল-৩০৬ ডোজ, প্রসবসেবা-১৫০জন, সাধারণ রোগী ১৪৩০ জন। উপজেলায় মোট সক্ষম দম্পতি-৩৪২২৫ জন, মোট পদ্ধতি গ্রহনকারী ২৫৬৪৬ জন, পদ্ধতি গ্রহনকারীর হার-৭৪.৯৩%। উপজেলায় উঠান বৈঠকের সংখ্যা ৬৯ টি। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ঔষধ সরবরাহ স্বাভাবিক আছে। এছাড়া চরঠিকা আশ্রয়ন প্রকল্পে পরিবারের সংখ্যা ১০০, পরিবারের সদস্য সংখ্যা ৩৭৫ জন, সক্ষম দম্পতি ৭৪ জন, স্থায়ী পদ্ধতি গ্রহণকারী ০১ জন। ইমপ্লান্ট গ্রহনকারী ০২ জন, আইইউডি শূণ্য জন, অস্থায়ী পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ৩৯ জন, মোট পদ্ধতি গ্রহণকারী | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। পরিবার পরিকল্পনা বিভাগের মাঠ কর্মীদের অত্যন্ত সতর্কতার সহিত কাজ করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | ৪০ জন, অগ্রহণকারী-৩৪ জন। | | |
| ০৩ | উপজেলা প্রকৌশল বিভাগ ঃ উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ২০২১-২২ অর্থ বছরে এডিপি প্রকল্প তালিকা চলতি মাসের মধ্যেই প্রদান বরার জন্য ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি আরো জানান যে, ২০২০-২১ অর্থ বছরে এডিপির আওতায় ১৬ টি প্যাকেজের মধ্যে রাজস্ব তহবিলের ADP/UZP/KAMAL/2020-21/5/B প্যাকেজটির মধ্যে চর ফলকন ও হাজির হাট সীমান্ত খালের উপর কালভার্ট নির্মাণ স্কীমটি আইনি জটিলতার কারণে শেষ করা যায়নি। সে মোতাবেক নতুন ১ টি স্কীম (জাঙ্গালিয়া বড় পুকুরের দক্ষিণাংশে ভূমি উন্নয়ন) এর সংশোধিত প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন ও চুক্তি অনুযায়ী চূড়ান্ত বিল প্রদানের অনুরোধ করেন। উপজেলা পরিষদের গেজেটেড ও নন-গেজেটেড কোয়ার্টারে দরজা, পানির লাইন, সেনেটারী ও প্লাস্টার মেরামত কাজের গেজেটেড কোয়ার্টার ১,৯৯,৯৯৮/-টাকা ও নন-গেজেটেড কোয়ার্টারে ১,৯৯,৯৯৯/-টাকা মেরামত ও রক্ষণাবেক্ষন খাতে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে বৈদ্যুতিক মালামাল ক্রয় ও ফিটিং চার্জ বাবদ ৫৮,২১১/- টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় অনুরোধ করেন। সভায় তা অনুমোদনের জন্য অনুরোধ করেন। অতি বৃষ্টির কারণে লরেন্স-খাসের হাট-আন্ডার চর সড়কটি বিচ্ছিন্ন হওয়া অংশ ইটের খোয়া দিয়ে মেরামত করার জন্য অনুরোধ করেন। সে অনুযায়ী ৫৮,০০০/- টাকার একটি প্রাক্কলন সভায় অনুমোদনের জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের ফ্লোর ও ওয়াল টাইলসের কাজ বাবদ ১,৯৭,৭৯৩/-টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের গেইট নির্মাণ কাজ বাবদ ১,৬৭,৭৬৪/- টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়। সভায় তা অনুমোদনের জন্য অনুরোধ করেন। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। চুক্তি অনুযায়ী ঠিকাদারকে রাজস্ব উন্নয়ন তহবিল হতে কার্যানুপাতে বিল দেওয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। সভায় আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে RFQ প্রক্রিয়ার মাধ্যমে উপজেলা পরিষদের গেজেটেড ও নন-গেজেটেড কোয়ার্টারে দরজা, পানির লাইন, সেনেটারী ও প্লাস্টার মেরামত কাজের গেজেটেড কোয়ার্টার ১,৯৯,৯৯৮/-টাকা ও নন-গেজেটেড কোয়ার্টারে ১,৯৯,৯৯৯/-টাকার প্রাক্কলন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।<br>৪। সভায় আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে RFQ প্রক্রিয়ার মাধ্যমে উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে বৈদ্যুতিক মালামাল ক্রয় ও ফিটিং চার্জ বাবদ প্রস্তুতকৃত ৫৮,২১১/- টাকার প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।<br>৫। সভায় আলোচনান্তে জরুরী প্রয়োজনে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে RFQ প্রক্রিয়ার মাধ্যমে অতি বৃষ্টির কারণে লরেন্স-খাসের হাট-আন্ডার চর সড়কটি বিচ্ছিন্ন হওয়া অংশ ইটের খোয়া দিয়ে মেরামত বাবদ ৫৮,০০০/- টাকার প্রাক্কলন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।<br>৬। সভায় আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে RFQ প্রক্রিয়ার মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের ফ্লোর ও ওয়াল টাইলসের কাজ বাবদ ১,৯৭,৭৯৩/-টাকার প্রাক্কলন ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের গেইট নির্মাণ কাজ বাবদ ১,৬৭,৭৬৪/- টাকার প্রাক্কলন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | উপজেলা প্রকৌশলী, কমলনগর ও সংশ্লিষ্ট সকল |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ ঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ৩৫০ হেঃ জমিতে আমান আবাদ করা হয়েছে। উপজেলায় সারের মজুদ সন্তোষজনক। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, কমলনগর |
| ০৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৬ | উপজেলা শিক্ষা বিভাগ ঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কমলনগর |
| ০৭ | উপজেলা খাদ্য বিভাগ ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা যায়নি। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা, কমলনগর |
| ০৮ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি জনাব মোঃ আনোয়ার হোসেন সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সেপ্টেম্বর/২০২১ মাস পর্যন্ত প্রাপ্ত মূল ঋণ তহবিল ৩৫১৪০০০/-টাকা, মোট ঋণ তহবিল ৪১৮৮৪৪৬/-টাকা, চলতি মাসে বিতরণ ১২০০০০/-টাকা, চলতি অর্থ বছরে ঋণ বিতরণ ১২০০০০/-টাকা, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১৩৮০৫০০০/-টাকা, মোট ঋণী সংখ্যা ২৬৬ জন, চলতি মাসে আদায় যোগ্য ২৫৫৬৫০/-টাকা, চলতি মাসে আদায়কৃত ২৪০,৮৫০/-টাকা, ক্রমপুঞ্জিত আদায়যোগ্য ১০৭৩৯৬০৮/-টাকা, ক্রমপুঞ্জিত আদায়কৃত ৯৯৪১৬২৮/-টাকা, ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৩%। চলতি বছরে প্রশিক্ষণ নাই। ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ ৩৯৪০ জন। ক্রমপুঞ্জিত আত্মকর্মীর সংখ্যা ২৬৯৪ জন। | ১। ঋণ আদায় কার্যক্রম চলমান রেখে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,কমলনগর |
| ০৯ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত্র উপজেলায় গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদের অনুকূলে ১ম পর্যায়ের বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দ অনুযায়ী টাকার পরিমান | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) কর্মসূচীর আওতায় ১ম পর্যায়ের প্রকল্প তালিকা | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | ২৮২৮৮৪২.৬৫ টাকা, চাল ৫৯.৮৫৭৪ মেঃ টন এবং গম ৫৯.৮৫৭৪ মেঃ টন পাওয়া যায়। আগামী ২/১ দিনের মধ্যে ইউনিয়ন ভিত্তিক বিভাজন পত্র ইস্যু করে প্রেরণ করা হবে। দ্রুত সকল ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে প্রকল্প তালিকা দাখিল করার জন্য অনুরোধ করেন। | সকল ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে প্রদান করার জন্য অনুরোধ করা হয়। | |
| ১০ | প্রাণি সম্পদ বিভাগ ঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি জনাব কাউসার-ঈ-হুদা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কমলনগর |
| ১১ | সমাজসেবা বিভাগ ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ কার্যক্রমের যাবতীয় কাগজপত্র নীতিমালা অনুযায়ী ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, কমলনগর, লক্ষ্মীপুর বরাবর হস্তান্তর করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরে ভাতা প্রদানের লক্ষ্যে ভাতা প্রাপ্তিযোগ্য ব্যক্তিরা অনলাইনে আবেদন করেন। বয়স্ক ২৫৭৪ জন, বিধবা ২৯০১ জন এবং প্রতিবন্ধী ৪৩১ জন। বিগত ২০২০-২১অর্থ বছরে ভাতাভোগী সঠিক বিকাশ নাম্বার না দেওয়ায় অধিদপ্তর হতে রিকনসিলিয়েশন (ফেরত) পাঠানো হয়। তার মধ্যে বয়স্ক ভাতা রিকনসিলিয়েশন ৩৩৯ জন, সমন্বয় করা হয়েছে ১৮১ জন, অবশিষ্ট ১৫৮ জন। বিধবা ভাতা রিকনসিলিয়েশন ১৫০ জন, সমন্বয় করা হয়েছে ১০৪ জন, অবশিষ্ট ৪৬ জন। প্রতিবন্ধী ভাতা রিকনসিলিয়েশন ১৪৬ জন, সমন্বয় করা হয়েছে ৯২ জন, অবশিষ্ট ৫৪ জন। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১২ | সমবায় বিভাগ ঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সমবায় বিভাগের নিবন্ধিত সমিতির সংখ্যা সমবায় বিভাগীয় ১১৪ টি ও বিআরডিবি ভুক্ত ৩০ টি, সর্বমোট ১৪৪ টি। ২০২০-২১ সনে অডিটযোগ্য সমিতির সংখ্যা ৮১ টি। সেপ্টেম্বর/২১ সমিতির অডিট সম্পাদন করা হয়েছে ১৭ টি, অডিট সম্পাদনের হার ২১%। পরিদর্শন/তদারকি ইত্যাদি কার্যক্রম চলমান রয়েছে। সরকারি রাজস্ব ধার্য ১৪,০৮০/- টাকা। আদায়কৃত ১৪,০৮০/- টাকা। আদায়ের হার ১০০%। রাজস্ব খাতে প্রশিক্ষণঃ আইজিএ প্রশিক্ষণ সমাপ্ত পুরুষ, মহিলা ০৬ জন। চর ঠিকা আশ্রয়ন-২ প্রকল্পে ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ ৫৩ লক্ষ টাকা। আদায়যোগ্য ঋণ ৫১.৩০ লক্ষ টাকা। সেপ্টেম্বর/২১ পর্যন্ত আদায়ের পরিমান ৩৮.১২ লক্ষ টাকা, আদায়ের হার ৭৪%। সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)-৩য় পর্যায় সমবায় অংশঃ ক) প্রকল্পে সমিতি গঠনের লক্ষ্যমাত্রা-৬০ টি, সমিতি গঠনের সংখ্যা-৬০ টি। প্রকল্প প্রশিক্ষণ সমাপ্তঃ এক দিনের প্রশিক্ষণ-১৯৬০ জন। তিন দিনের বিশেষ প্রশিক্ষণ ১২০ জন। আইজিএ প্রশিক্ষণ ৪০ জন মহিলা ৪০ জন। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি) ৩য় পর্যায় সফলভাবে বাস্তবায়নের নিমিত্ত উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, কমলনগর |
| ১৩ | নার্সারী বিভাগ ঃ উপজেলা রেঞ্জ কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা রেঞ্জ কর্মকর্তা, কমলনগর |
| ১৪ | আনসার ভিডিপি বিভাগ ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা যায়নি। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ১৫ | মৎস্য বিভাগ ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগামী ০৪ অক্টোবর/২০২১ হতে ২৫ অক্টোবর/২০২১ পর্যন্ত মোট ২২ দিন মা ইলিশ সংরক্ষন কার্যক্রমে সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। আগামী ০৪ অক্টোবর/২০২১ হতে ২৫ অক্টোবর/২০২১ পর্যন্ত মোট ২২ দিন মা ইলিশ সংরক্ষন কার্যক্রমে সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, কমলনগর |
| ১৬ | পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি জনাব মু. আবদুল কাদের সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আউশ ফসলের আনুমানিক হিসাব ও নমুনা কর্তনের কাজ মাঠ পর্যায়ে চলমান। মাসিক কৃষি মজুরী তথ্য সংগ্রহ চলছে। আমন ফসলের পূর্বাভাস জরিপের মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের কাজ চলমান। এছাড়া বাংলাদেশে আটকে পড়া পাকিস্তানি নাগরিকের সংখ্যা নিরুপন সংক্রান্ত মন্ত্রী পরিষদ বিভাগের নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটির সভায় সিদ্ধান্ত হয়েছে। এ বিষয়ে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হালনাগাদ করণ পরিসংখ্যান প্রস্তুতপূর্বক পাকিস্তানে প্রত্যাবর্তনের বিষয়টি আন্তর্জাতিক মহলে তুলে ধরতে হবে। প্রত্যেককে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কমলনগর |
| ১৭ | জনস্বাস্থ্য বিভাগ ঃ উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী সভাকে জানান যে, | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য | উপ-সহঃ প্রকৌঃ, |

| | | | |
|---|---|---|---|
| | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত্র উপজেলায় গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। | অনুরোধ করা হয়। | জনস্বাস্থ্য বিভাগ |
| ১৮ | পল্লী উন্নয়ন বিভাগ ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। ঋন আদায় বৃদ্ধিসহ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। সাংগঠনিক কার্যক্রম, পুঁজিগঠন, ঋন সহায়তাসহ যাবতীয় কার্যক্রম জোরদার করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কমলনগর |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ভিজিডি বিতরণ প্রতিমাসে একটি নির্দিষ্ট তারিখে করার জন্য অনুরোধ করেন। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ২০ | উপজেলা দারিদ্র বিমোচন বিভাগঃ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চলতি অর্থ বছর (২০২১-২২) আগস্ট/২১ইং মাসে সমিতি গঠন লক্ষমাত্রা নাই। সদস্য ভর্তি লক্ষমাত্রা ৫০ জন, অর্জন ৪২ জন। সঞ্চয় আদায়ের লক্ষমাত্রা ২,৫০,০০০/-টাকা, অর্জন ১,২১,২৫৩/- টাকা। ক্ষুদ্র ঋণ বিতরণ ২০.০০ লক্ষ টাকা, অর্জন ১৫.২০ লক্ষ টাকা। ক্ষুদ্র ঋণ আদায়যোগ্য ১৩.৭৮ লক্ষ টাকা, আদায়যোগ্য হতে আদায় ১৩.৭৮ লক্ষ টাকা, আদায়ের হার ১০০%। আগস্ট/২০২১ মাসে সেল্প ও চাকুরীজীবিদের মাঝে ঋণ বিতরণের লক্ষমাত্রা ১০.০০ লক্ষ টাকা, অর্জন ৯.০০ লক্ষ টাকা। ঋন আদায়যোগ্য ১১.১৬ লক্ষ টাকা, আদায়যোগ্য হতে আদায় ১১.১৬ লক্ষ টাকা। আদায়ের হার ১০০%। ক্রমপুঞ্জিত (শুরু থেকে স্থিতি অনুযায়ী) সমিতি গঠন ৪৪টি, সদস্য ভর্তি ১,২৮৪ জন, ঋণী সদস্য ৮১১ জন। নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ ২০০ জন, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ৫০ জন। সেল্প ও চাকুরীজীবি ঋণী সদস্য ১১৯ জন, সঞ্চয় স্থিতি ৯৩,৯৩,০০০/-টাকা, ঋণ বিতরণ (ক্ষুদ্র ও সেল্প এবং চাকুরীজীবিসহ) ১৪,৮১,১২,০০০/- টাকা, ঋণ আদায়যোগ্য ১৩,৯৪,৭০,৪০০/- টাকা, আদায়যোগ্য হতে আদায় ১৩,১৫,১৫,০০০/- টাকা, আদায়ের হার ৯৪%। বর্তমানে মাঠে পাওনা ঋনের পরিমান ২,৯৯,৮৫,২৭৭/-টাকা। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২১ | আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংকঃ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ বিতরণ ১১৫.৫০ লক্ষ টাকা, ঋণ আদায় ৯৪.৫০ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ৩.৫০ লক্ষ টাকা। খেলাপী আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। বৃষ্টি হলে অত্র কার্যালয়ের সামনে রাস্তায় পানি জমে যায়। রাস্তাটি পুনঃ নির্মাণ করার জন্য সভায় অনুরোধ করেন। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২২ | পল্লী বিদ্যুৎ বিভাগঃ এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কমলনগর সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | এজিএম পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২৩ | ইউজিডিপিঃ উপজেলা উন্নয়ন সহায়ক সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা যায়নি। | উপজেলা উন্নয়ন সহায়ককে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা উন্নয়ন সহায়ক, কমলনগর |
| ২৪ | তথ্য আপা প্রকল্পঃ উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। বাল্য বিবাহ বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা, কমলনগর |
| ২৫ | ফায়ার সার্ভিসঃ স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস |
| ২৬ | ইসলামিক ফাউন্ডেশনঃ ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন এর প্রতিনিধি জনাব মোঃ সিরাজুল ইসলাম সভাকে জানান যে, সেপ্টেম্বর/২১ মাস হইতে আমাদের সহজ কোরআন শিক্ষা কেন্দ্র চালু হয়েছে। প্রতি সপ্তাহে ২ দিন খোলা থাকবে সোমবার ও বুধবার। করোনা ভাইরাস প্রতিরোধে সামাজিক দূরত্ব বজায় রেখে চলার জন্য মসজিদের সকল মুসল্লীগণকে মসজিদে মসজিদে অনুরোধ করা হয়েছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন |

চেয়ারম্যান, ১নং চর কালকিনি ইউপি সভাকে জানান যে, উপজেলা পরিষদ কার্যালয়ে নিয়োজিত জনাব আনোয়ার পারভেজ, অফিস সহায়ক ও জনাব হারুনুর রশিদ, সুইপারকে পবিত্র ঈদুল ফিতর ও ঈদুল আযহা/২০২১ উপলক্ষে উৎসব ভাতা প্রদান করা হয়েছে। আসছে শারদীয় দুর্গাপূজা/২০২১ উপলক্ষ্যে জনাব কেশব চক্রবর্ত্তী, অফিস সহায়ক ও জনাব লক্ষণ চন্দ্র দাস, মালীকে উৎসব ভাতা প্রদানের জন্য অনুরোধ করেন। সভায় আলোচনান্তে শারদীয় দুর্গাপূজা/২০২১ উপলক্ষ্যে জনাব কেশব চক্রবর্ত্তী, অফিস সহায়ক ও জনাব লক্ষণ চন্দ্র দাস, মালীকে ৩০ দিনের ভাতার সমপরিমান উৎসব ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় উপজেলার সকল বিভাগের বিভাগীয় প্রধান ও সকল ইউপি চেয়ারম্যানগণকে আন্তরিকতার সহিত দায়িত্ব পালন করার আহবান জানান।

উপজেলা নির্বাহী অফিসার সভায় উপজেলার সকল ট্যাগ অফিসারগণকে আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালন করার জন্য অনুরোধ করেন। সর্বস্তরে সুশাসন নিশ্চিতকরণ ও জনসেবার মান উন্নয়নের জন্য বর্তমান সরকার দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহন করেছে। সরকারী কর্মচারীদের জন্য বেতন-ভাতা অন্যান্য সুযোগ-সুবিধা বৃদ্ধি করা হয়েছে। ফলে আমাদেরকে আরো আন্তরিকতার সহিত কাজ করতে হবে। কোভিড-১৯ পরিস্থিতি উন্নতি হলে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা বিভাগের ছাত্র ছাত্রী ঝরে পড়া রোধে বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শনপূর্বক শিক্ষার মানোন্নয়নে উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে নিয়মিত পরিদর্শন প্রতিবেদন চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণের জন্য অনুরোধ জানান। বিদ্যমান আইন ও বিধি বিধানের মধ্যে সরকারি সেবা ব্যবস্থার যে কোন উদ্ভাবনী কৌশল সভায় আলোচনা বা উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রস্তাব করার জন্য সকল কর্মকর্তাকে অনুরোধ করেন। এছাড়া উপজেলার সকল বিভাগের বিভাগীয় প্রধানগণকে আন্তরিকতার সহিত দায়িত্ব পালনের মাধ্যমে সরকারের যাবতীয় কর্মসূচির সঠিক বাস্তবায়নের জন্য আহ্বান জানান।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় সকলকে আন্তরিক শুভেচ্ছা জানান। উপজেলার সকল ইউপি চেয়ারম্যান ও সকল কর্মকর্তাগণকে যথাযথভাবে দায়িত্ব পালন করার আহবান জানান। সকলকে সমন্বয়ের মাধ্যমে কাজ করার অনুরোধ করেন। এছাড়া করোনা ভাইরাস প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

বিবিধঃ

এছাড়া আগস্ট/২০২১ মাসে উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়িত নিম্নলিখিত অর্থ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো ঃ

০১. উপজেলা পরিষদের জুলাই/২০২১ মাসের আপ্যায়ন বাবদ পরিশোধ-৩০,০০০/- টাকা।
০২. উপজেলা পরিষদের জুলাই/২০২১ মাসের বিবিধ খরচ বাবদ পরিশোধ-৫,০০০/- টাকা।
০৩. উপজেলা চেয়ারম্যান-এর জুলাই/২০২১ মাসের সম্মানীভাতা বাবদ পরিশোধ-৪০,০০০/- টাকা।
০৪. উপজেলা ভাইস চেয়ারম্যান-এর জুলাই/২০২১ মাসের সম্মানীভাতা বাবদ পরিশোধ-২৭,০০০/-টাকা।
০৫. উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা)-এর জুলাই/২০২১ মাসের সম্মানীভাতা বাবদ পরিশোধ-২৭,০০০/-টাকা।
০৬. জনাব কেশব চক্রবর্তী, অফিস সহায়ক এর জুলাই/২০২১ মাসের মজুরী বাবদ পরিশোধ-১১,৫৫০/- টাকা।
০৭. জনাব আনোয়ার পারভেজ, অফিস সহায়ক এর জুলাই/২০২১ মাসের মজুরী বাবদ পরিশোধ-১১,৫৫০/- টাকা।
০৮. জনাব লক্ষন চন্দ্র দাস, মালী এর জুলাই/২০২১ মাসের মজুরী বাবদ পরিশোধ-১১,৫৫০/- টাকা।
০৯. জনাব হারুনুর রশিদ, সুইপার এর জুলাই/২০২১ বাবদ পরিশোধ-১০,৫০০/- টাকা।
১০. ১৪২৭ বাংলা সনের উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর বাবদ পরিশোধ-৬,০০০/-টাকা।
১১. ভূমি হস্তান্তর কর ১% বাবদ প্রাপ্তি জুলাই/২০২১মাসের-১,৯১,০৬২.১২/-টাকা।
১২. আগস্ট/২০২১ মাস শেষে উপজেলা রাজস্ব তহবিলে স্থিতি-১০,০০,৯৫৭.১২/- টাকা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২০.৯.২০২১

(মেজবাহ্ উদ্দিন আহম্মদ বাপ্পী)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।

স্মারক নং ০৫.৪২.৫১৩৩.০০০.০২০.০০৮.২০২১-৫৮৩

তারিখ ঃ ২০.০৯.২০২১খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১. মাননীয় সংসদ সদস্য, লক্ষ্মীপুর-৪ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।
০২. পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৩. জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
০৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর।
০৫. সিনিয়র সহকারী সচিব, উপজেলা-২শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. উপজেলা .......................কর্মকর্তা, কমলনগর, লক্ষ্মীপুর।
০৭. চেয়ারম্যান ......................(সকল) ইউ পি, কমলনগর, লক্ষ্মীপুর।
০৮. জনাব ...................................................

২০/৯/২০২১

(মোঃ কামরুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
কমলনগর, লক্ষ্মীপুর।